



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ঋণ শ্রেণিবিন্যাস বিভাগ

নং প্রকা/সিএল-৩/২০২৩-২০২৪/৯০(১২৫০)

তারিখঃ ০৩-০৯-২০২৩

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
 - ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
 - ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
 - ৪। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
 - ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
- বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শ্রেণিকৃত ঋণের হার হ্রাসকরণের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের বিগত ০৫ (পাঁচ) বছরের শ্রেণিবিন্যাসিত ঋণের খাতভিত্তিক তুলনামূলক একটি প্রতিবেদন ৩১/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৩৮তম সভায় উত্থাপিত হয়েছে। সভায় বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক শ্রেণিকৃত ঋণের হার হ্রাসকরণের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে এখন থেকেই শ্রেণিকৃত ঋণ হ্রাসকরণের ক্ষেত্রে ঋণ আদায়ে ব্যাংকের প্রচলিত কার্যক্রম চলমান রাখার পাশাপাশি বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক ২১/০৮/২০২৩ খ্রিঃ তারিখের ২৬৯ নং পত্রমূলে ২০২৩-২০২৪ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১০০(একশত) দিনের বিশেষ কর্মসূচীর (কপি সংযুক্ত) ০৩ এর (গ) অনুচ্ছেদের উল্লিখিত প্রতিটি শাখায় শ্রেণিকৃত ঋণ নূন্যতম ৫% হ্রাসকরণ এবং যে সকল শাখায় ১০% এর উপরে শ্রেণিকৃত ঋণ রয়েছে সে সকল শাখার শ্রেণিকৃত ঋণ অর্ধেক হ্রাসকরণ করার নির্দেশনা শতভাগ বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হলো।

০৩। এছাড়াও, ৩০/০৬/২০২৩ সূত্র তারিখ ভিত্তিক বাংলাদেশ কৃষি ব্যাংকের মোট ঋণের পরিমাণ ৩০২২৬.১১ কোটি টাকার বিপরীতে শ্রেণিকৃত ঋণের পরিমাণ ৩১৮৮.২২ কোটি টাকা (১০.৫৫%)। বিকেবি, ঋণ আদায় বিভাগ শ্রেণিকৃত ঋণ হ্রাসকরণে একটি বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে (কপি সংযুক্ত) যা ১৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৩৭তম সভায় অনুমোদিত হয়েছে। সভায় গৃহীত কর্মপরিকল্পনা সঠিক বাস্তবায়ন এবং শ্রেণিকৃত ঋণের হার কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীতকরণের প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হলো।

০৪। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় এবং শাখাসমূহে ৩০/০৬/২০২৩ ভিত্তিক ঋণ শ্রেণিবিন্যাস বিবরণীতে সংশ্লিষ্ট বিভাগ/অঞ্চল/শাখাসমূহের শ্রেণিকৃত ঋণের পরিমাণ এবং শতকরা হার যাতে কোনক্রমেই বৃদ্ধি না পায় সেজন্য কার্যকর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আপনাকে নির্দেশনা প্রদান করা হলো।

০৫। বিষয়টি অতীব জরুরী।


সংযুক্তিঃ বর্ণনামতে।

অনুমোদনক্রমে

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (সকল সংযুক্তিসহ পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ০৬। নথি/মহানথি।

আপনার বিশ্বস্ত



(মোঃ আকতার হোসেন)

উপমহাব্যবস্থাপক